



## মুজিববর্ষ উপলক্ষে একক গৃহ নির্মাণ ও পরিকল্পনা সংক্রান্ত ম্যানুয়েল (সংশোধিত সংস্করণ ২০২২)

আশ্রয়ণের অধিকার  
শেখ হাসিনার উপহার



আশ্রয়ণ-২ প্রকল্প  
প্রধানমন্ত্রীর কার্যালয়

মুজিববর্ষ উপলক্ষে  
একক গৃহ নির্মাণ ও পরিকল্পনা সংক্রান্ত ম্যানুয়েল



আশ্রয়ণ-২ প্রকল্প  
প্রধানমন্ত্রীর কার্যালয়

# মুজিববর্ষ উপলক্ষে একক গৃহ নির্মাণ ও পরিকল্পনা সংক্রান্ত ম্যানুয়েল

## সম্পাদনা

মোঃ মাহবুব হোসেন  
প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প

## গ্রন্থনা ও পরিকল্পনা

মোহাম্মদ জাহেদুর রহমান  
উপ-প্রকল্প পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প

## সহযোগী সংস্থা

গণপূর্ত অধিদপ্তর এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

## সার্বিক সহযোগিতা

আবুল কালাম আজাদ, প্রকল্প প্রকৌশলী, আশ্রয়ণ-২ প্রকল্প  
বদরুল আলম, সহকারী পরিচালক, আশ্রয়ণ-২ প্রকল্প  
মোঃ আনোয়ার রহমান, উপ-প্রকল্প প্রকৌশলী, আশ্রয়ণ-২ প্রকল্প  
মোঃ রফিকুল ইসলাম, সহকারী প্রকৌশলী, আশ্রয়ণ-২ প্রকল্প  
আবু হেনা মোস্তফা কামাল, মনিটরিং অফিসার, আশ্রয়ণ-২ প্রকল্প  
মোঃ ইসতিয়াক নাসির, সহকারী প্রকৌশলী, আশ্রয়ণ-২ প্রকল্প  
মোহাম্মদ জাহিদুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, আশ্রয়ণ-২ প্রকল্প

## প্রকাশনায়

আশ্রয়ণ-২ প্রকল্প  
প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা

## প্রথম প্রকাশ

অক্টোবর ২০২১

## সংশোধিত সংস্করণ

২০২২

## সংশোধিত সংস্করণ সম্পাদনায়:

মোঃ জাকিউর রহমান  
প্রকল্প প্রকৌশলী, আশ্রয়ণ-২ প্রকল্প

## মুদ্রণ

রিয়েল প্রিন্টিং অ্যান্ড অ্যাডভারটাইজিং

---

এই ম্যানুয়েলে বর্ণিত বিষয়াদির সাথে কোন আইনি জটিলতা সৃষ্টি হলে  
সেক্ষেত্রে রাষ্ট্রের বিদ্যমান আইন প্রযোজ্য হবে।





## ভূমিকা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আজন্ম লালিত স্বপ্ন ছিল বাংলার গরীব-দুঃখী নিঃস্ব মানুষের মুখে হাসি ফোটানো। এ লক্ষ্য পূরণে তিনি অন্ন, বস্ত্র, আশ্রয়, শিক্ষা ও চিকিৎসাসহ জীবন ধারণের মৌলিক উপকরণের ব্যবস্থা নিশ্চিতকরণের বিষয়টি সংবিধানের ১৫ (ক) অনুচ্ছেদে অন্তর্ভুক্ত করেন। এরই ধারাবাহিকতায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯৯৭ সাল হতে অসহায়, ছিন্নমূল, ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করেন। তাঁর এই কার্যক্রমের অংশ হিসেবে ১৯৯৭ সালে শুরু হয় আশ্রয়ণ প্রকল্প। এই আশ্রয়ণ প্রকল্পের আওতায় ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসন কার্যক্রম চলমান রয়েছে।

মুজিববর্ষে “বাংলাদেশের একজন মানুষও গৃহহীন থাকবে না”- মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নে দেশের সকল ভূমিহীন ও গৃহহীন মানুষের বাসস্থান নিশ্চিতকল্পে একক গৃহ নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। উক্ত একক গৃহের অনুমোদিত একটি ডিজাইন ও প্রাক্কলন রয়েছে। গৃহ নির্মাণ কাজে দায়িত্বপ্রাপ্ত প্রকল্প বাস্তবায়ন কমিটি (PIC) সহ সংশ্লিষ্ট অন্যান্যদের গৃহ নির্মাণের ধাপসমূহ সম্পর্কে সম্যক ধারণা দেয়ার লক্ষ্যে “একক গৃহ নির্মাণ ও পরিকল্পনা সংক্রান্ত ম্যানুয়েল” প্রণয়নের প্রচেষ্টা হাতে নেয়া হয়। উক্ত ম্যানুয়েলে পর্যায়ক্রমে গৃহ নির্মাণ ধাপসমূহ (3D ছবিসহ) সন্নিবেশিত করে সহজ ও সাবলীলভাবে উপস্থাপন করা হয়। আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, গণপূর্ত অধিদপ্তর এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর সম্মিলিতভাবে এ ম্যানুয়েল প্রণয়নের কাজ সম্পন্ন করে। নির্মাণ প্রযুক্তি ও গাণিতিক বিশ্লেষণের বিভিন্ন তথ্য ও উপাত্ত এই ম্যানুয়েলে সংযোজন করা হয়। তাছাড়া প্রচলিত আর্থিক বিধি বিধান এবং উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া এবং জমি নির্বাচন পদ্ধতিও এ ম্যানুয়েলে বিবৃত করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের অভিজ্ঞতাও এতে অন্তর্ভুক্ত করা হয়েছে।

আশা করি মুজিববর্ষে গৃহের নির্মাণ কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নে এ ম্যানুয়েল সহায়ক হবে। এই ম্যানুয়েলের উৎকর্ষ সাধনে যে কোন পরামর্শ বা তথ্যগত ভুল সংশোধনে নির্দেশনা/পরামর্শ গ্রহণ করা হবে।

### সংশোধিত সংস্করণের ভূমিকা

“একক গৃহ নির্মাণ ও পরিকল্পনা সংক্রান্ত ম্যানুয়াল” অক্টোবর ২০২১ এ প্রথম প্রকাশ হয়। পূর্বের সংস্করণে কয়েকটি মুদ্রণজনিত ভুল থাকায় বর্তমান সংস্করণে তা সংশোধন করা হল বাজার দর ও রেট সিডিউল অনুযায়ী সেমিপাকা একক গৃহের প্রাক্কলিত মূল্য ২.৪০ লক্ষ টাকার পরিবর্তে প্রথমে ২.৫৯৫ লক্ষ টাকা ও পরে ২.৮৪৫ লক্ষ টাকা নির্ধারণ করা হয়েছে। সে অনুযায়ী সেমিপাকা একক গৃহের হালনাগাদ ডিজাইন ও প্রাক্কলন অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই ম্যানুয়ালের উৎকর্ষ সাধনে যে কোন পরামর্শ গ্রহণ করা হবে।

## সূচিপত্র

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা নং
অধ্যায় -০১	গৃহ নির্মাণে জমি নির্বাচন	১
অধ্যায় -০২	গৃহ প্রদানের জন্য উপকারভোগী নির্বাচন	৩
অধ্যায় -০৩	আর্থিক ব্যবস্থাপনা	৪
অধ্যায় -০৪	একক গৃহ নির্মাণের লক্ষ্যে জায়গা (Site) প্রস্তুতকরণ	৬
অধ্যায় -০৫	পূর্ত কাজের ধারাবাহিক বিবরণ	৭
অধ্যায় -০৬	কাঠ ও টিনের কাজ	১৭
অধ্যায় -০৭	পানি নিষ্কাশন কার্যক্রম	২১
অধ্যায় -০৮	অন্যান্য বিষয়াদি	২২
<b>পরিশিষ্ট</b>		
	গৃহ নির্মাণ কাজের অনুমোদিত নকশা ও প্রাক্কলন	২৩
	কিউরিং এর চেকলিষ্ট	৩৬
	নামফলক	৩৭
	স্ট্যাম্প	৩৮
	নামজারি খতিয়ান	৪০
	ডিসিআর	৪২
	সনদপত্র	৪৩

গৃহ নির্মাণের ক্ষেত্রে প্রথমেই প্রয়োজন হবে এক খন্ড উপযোগী জমি। আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় 'ক' শ্রেণির ভূমিহীন ও গৃহহীন পরিবারকে পুনর্বাসনের লক্ষ্যে খাস জমিতে অথবা প্রযোজ্য ক্ষেত্রে ক্রয়কৃত জমিতে গৃহ নির্মাণ করার নির্দেশনা রয়েছে। গৃহ নির্মাণের জন্য খাস জমি/ক্রয়তব্য জমি সঠিকভাবে নির্বাচন একটি গুরুত্বপূর্ণ বিষয়। সঠিকভাবে জমি নির্বাচন না করে গৃহ নির্মাণ করা হলে নানাবিধ সমস্যার সৃষ্টি হতে পারে। তাই একক গৃহ নির্মাণের ক্ষেত্রে জমি নির্বাচনে নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচনায় নেয়া সমীচীন হবে।

### জমি নির্বাচন:

- ক) সরকারি নিষ্কটক খাস জমি/দানকৃত জমি/রিজিউমকৃত জমি/সরকারিভাবে ক্রয়কৃত জমি হতে হবে।
- খ) ধর্মীয় উপাসনালয়, কবরস্থান, শ্মশানঘাট ও মহান মুক্তিযুদ্ধের চিহ্নিত বধ্যভূমিকে পরিহার করে জমি নির্বাচন করতে হবে।
- গ) জমি ক্রয়ের ক্ষেত্রে 'ভূমিহীন ও গৃহহীনদের পুনর্বাসনের জন্য জমি সংস্থান সংক্রান্ত নীতিমালা-২০২১' অনুযায়ী গ্রোথ সেন্টার/বাজারের সন্নিহিত এবং যোগাযোগ ব্যবস্থা ভাল এইরূপ জমি ক্রয় করতে হবে।
- ঘ) উর্বর কৃষি জমি, নদী ভাঙ্গন প্রবণ এলাকা, পুকুর ও জলাশয়ের কিনারায় অবস্থিত জমি বাদ দিয়ে জমি নির্বাচন করতে হবে।
- ঙ) হাওড়, বিল এলাকা (যোগাযোগ বিচ্ছিন্ন) এবং বহমান নদীর কিনারা বা সন্নিহিত বাদ দিয়ে গৃহ নির্মাণের স্থান নির্ধারণ করতে হবে।
- চ) প্রচুর মাটি ভরাটের মাধ্যমে জমি প্রস্তুত করা প্রয়োজন, এমন নীচু জায়গা পরিহার করে জমি নির্বাচন করতে হবে। জমি ক্রয়ের ক্ষেত্রে সাশ্রয়ী মূল্যের পাশাপাশি ভালো অবস্থানের বিষয়টি বিবেচনায় নিতে হবে।
- ছ) বৈদ্যুতিক/গ্যাস লাইন থাকলে এর অবস্থান বিবেচনায় নিয়ে জমি নির্বাচন করতে হবে।
- জ) গৃহ নির্মাণ ডিজাইন অনুযায়ী ঘরের লে-আউট সঠিকভাবে নির্ধারণ করা যায় এ রকম জমি নির্বাচন করতে হবে।
- ঝ) ভূমির শ্রেণির বিষয়টি বিবেচনায় নিয়ে গৃহ নির্মাণের জন্য জমি নির্বাচনের প্রস্তাব করতে হবে।
- ঞ) গৃহ নির্মাণ করলে যাতে পরিবেশের প্রতি হুমকির সৃষ্টি না হয় এমন জমি নির্বাচন করতে হবে।
- ট) ব্যক্তি মালিকানাধীন জমি বা পূর্বে বন্দোবস্তকৃত জমি বাদ দিয়ে জমি নির্বাচন করতে হবে।
- ঠ) কোন জমি নিয়ে আদালতে মামলা চলমান আছে কিনা তা যাচাইপূর্বক জমি নির্বাচন করতে হবে।



- ড) পানি নিষ্কাশনের সুবিধাসহ চারদিকের পরিবেশ সম্পর্কে অবহিত হয়ে জমি নির্বাচন করতে হবে।
- ঢ) নিজের গৃহ নির্মাণের ক্ষেত্রে স্থান নির্বাচন সম্পর্কিত যে বিষয়গুলো বিবেচনায় নিতেন সে গুলো বিবেচনায় নিয়ে স্থান নির্বাচন করতে হবে।
- ত) ঘর নির্মাণের পর পরই প্যালাসাইডিং বা গাইডওয়াল নির্মাণ প্রয়োজন এমন জমি নির্বাচন পরিহার করতে হবে।
- থ) দক্ষ সার্ভেয়ার/কানুনগো দিয়ে সঠিকভাবে জমি পরিমাপ করে তার অবস্থান নির্ণয় করতে হবে।
- দ) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাসহ সংশ্লিষ্টদের মাধ্যমে জমির সকল তথ্য সংগ্রহপূর্বক জমি নির্বাচন করতে হবে।
- ধ) বিচ্ছিন্ন ও দুর্গম এলাকা পরিহারপূর্বক গৃহ নির্মাণের লক্ষ্যে জমি নির্বাচন করতে হবে। তবে তিন পার্বত্য এলাকায় জমি নির্বাচন স্ব স্ব কর্তৃপক্ষের বিবেচনায় চূড়ান্ত বলে গণ্য হবে।



উপকারভোগী নির্বাচনের জন্য আশ্রয়ণ-২ প্রকল্প হতে ‘আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশিকা’ এবং ‘মুজিব শতবর্ষ উপলক্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ প্রদান নীতিমালা-২০২০’ প্রণয়ন করা হয়েছে। সেই আলোকে উপকারভোগী নির্বাচন করতে হবে। তদুপরি সহজভাবে উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়গুলো বিবেচনায় নেয়া যেতে পারে।

### উপকারভোগী নির্বাচন:

১. প্রকল্প গ্রহণের পূর্বেই উপকারভোগী বাছাই করতে হবে। “ক” শ্রেণি অর্থাৎ প্রকৃত ভূমিহীন ও গৃহহীন পরিবারকে উপকারভোগী হিসাবে নির্বাচন করতে হবে।
২. উপকারভোগী নির্বাচনে ভিক্ষুক, বিধবা, বয়স্ক, স্বামী পরিত্যক্তা, বীর মুক্তিযোদ্ধা, নদী ভাঙ্গন কবলিত পরিবার, বিশেষ সম্প্রদায় যেমন হিজড়া, হরিজন সম্প্রদায় ও প্রতিবন্ধী ইত্যাদি বিষয় অগ্রাধিকার দিতে হবে।
৩. উপকারভোগী নির্বাচনে উন্মুক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে। উপকারভোগী বাছাই চূড়ান্ত হলে তা আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন উপজেলা টাঙ্কফোর্স সভার অনুমোদনক্রমে জেলা টাঙ্কফোর্স কমিটিতে কার্যবিবরণীসহ প্রেরণ করতে হবে।
৪. উপকারভোগী কোন এলাকায় বসবাস করতে চায় তা বিবেচনায় নিয়ে উপকারভোগী নির্বাচন করতে হবে।
৫. উপকারভোগী নির্ধারিত স্থানে বসবাস করতে ইচ্ছুক কিনা তার প্রত্যয়ন নিতে হবে।
৬. উপকারভোগী চূড়ান্তভাবে নির্বাচিত হলে উপকারভোগীর ছবিসহ ডাটাবেইজ (এক কপি) আশ্রয়ণ-২ প্রকল্প অফিসে প্রেরণ করতে হবে (আশ্রয়ণ-২ প্রকল্প হতে প্রেরিত ডাটা বেইজের ছক অনুসারে) এবং অন্য কপি পিআইসি এর সভাপতির দপ্তরে সংরক্ষণ করতে হবে।
৭. উপকারভোগী উক্ত এলাকার বা নিকটবর্তী এলাকার হতে হবে। এক্ষেত্রে স্থানীয় চেয়ারম্যান কর্তৃক উপকারভোগীর নাগরিকত্বের সনদ লাগবে।
৮. উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে পূর্বের বিদ্যমান ‘ক’ শ্রেণির তালিকা যাচাই করতে হবে। নতুন উপকারভোগীর অন্তর্ভুক্তি বা বাদ দেয়ার ক্ষেত্রে ‘আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত নির্দেশিকা’ অনুসরণ করতে হবে।
৯. উপকারভোগী কোন ধরনের অনৈতিক কাজে জড়িত আছে কিনা তা বিবেচনায় নিয়ে নির্বাচন করতে হবে।
১০. উপকারভোগী সত্যিকারের ভূমিহীন ও গৃহহীন কিনা তা নিরূপনের লক্ষ্যে ইউনিয়ন ভূমি অফিস এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের মাধ্যমে নিশ্চিত হতে হবে।
১১. স্বামী ও স্ত্রী দুইজনকে যৌথভাবে উপকারভোগী হিসেবে নির্বাচন করতে হবে। বিধবা বা বিপত্নীক হলে একক নাম নির্বাচন করতে হবে।



- ক) ঘর নির্মাণের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করবেন।
- খ) ঘর নির্মাণের নিমিত্ত বরাদ্দকৃত অর্থ লেনদেন ব্যাংক একাউন্টের মাধ্যমে পরিচালনা করতে হবে।
- গ) অর্থ প্রাপ্তি ও পরিশোধের যাবতীয় তথ্য বিধি মোতাবেক ক্যাশ বহিতে লিপিবদ্ধ এবং সংশ্লিষ্টদের স্বাক্ষর করতে হবে।
- ঘ) গৃহ নির্মাণ কাজে সংশ্লিষ্ট মালামাল সরবরাহকারী বা অন্য যে কোন ধরনের বিল পরিশোধ ক্রসড (Crossed) চেকের মাধ্যমে করতে হবে এবং তা ক্যাশ বহিতে যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে।
- ঙ) নগদে শ্রমিক মজুরী/আনুষঙ্গিক বিল পরিশোধ করার বিষয়টিও রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। এ সংক্রান্ত ভাউচার সংরক্ষণ করতে হবে।
- চ) গৃহ নির্মাণ সংক্রান্ত যাবতীয় কাগজপত্র ও বিল ভাউচারের হিসাব বিবরণী নিরীক্ষার জন্য যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। গৃহ নির্মাণের অর্থ প্রাপ্তি ও অর্থ ব্যয়ের যাবতীয় হিসাব অডিটযোগ্যভাবে সংরক্ষণ করতে হবে।
- ছ) মালামাল ক্রয় এর হিসাব নির্দিষ্ট স্টক রেজিস্টারে বিধি মোতাবেক লিপিবদ্ধ করতে হবে। স্টক রেজিস্টারে উপজেলা নির্বাহী অফিসার প্রতিস্বাক্ষর প্রদান করবেন।

**তাছাড়া House Construction Fund by Private Finance এর আর্থিক ব্যবস্থাপনা নিম্নরূপ:**

- ক) ঘর নির্মাণের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করবেন।
- খ) House Construction Fund by Private Finance হিসাব হতে গৃহ নির্মাণের লক্ষ্যে প্রাপ্ত অর্থ লেনদেনের জন্য পৃথক ব্যাংক একাউন্ট পরিচালনা করতে হবে।
- গ) চেক প্রাপ্তির পর তা এ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে পরিচালিত ব্যাংক একাউন্টে জমা প্রদান করতে হবে এবং ক্যাশ বহিতে লিপিবদ্ধ করতে হবে।
- ঘ) অর্থ প্রাপ্তি ও পরিশোধের যাবতীয় তথ্য বিধি মোতাবেক ক্যাশ বহিতে লিপিবদ্ধ এবং সংশ্লিষ্টদের স্বাক্ষর করতে হবে।
- ঙ) গৃহ নির্মাণ কাজে সংশ্লিষ্ট মালামাল সরবরাহকারী বা অন্য যে কোন ধরনের বিল পরিশোধ ক্রসড (Crossed) চেকের মাধ্যমে করতে হবে এবং তা ক্যাশ বহিতে যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে।

- চ) নগদে শ্রমিক মজুরী/আনুষঙ্গিক বিল পরিশোধ করার বিষয়টিও রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। এ সংক্রান্ত ভাউচার সংরক্ষণ করতে হবে।
- ছ) গৃহ নির্মাণ সংক্রান্ত যাবতীয় কাগজপত্র ও বিল ভাউচার এবং নিয়মিত Bank Statement (হিসাব বিবরণী) নিরীক্ষার জন্য যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। গৃহ নির্মাণের অর্থ প্রাপ্তি ও অর্থ ব্যয়ের যাবতীয় হিসাব অডিটযোগ্যভাবে সংরক্ষণ করতে হবে এবং অনুলিপি আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর প্রেরণ করতে হবে।
- জ) মালামাল ক্রয় এর হিসাব পৃথক স্টক রেজিস্টারে বিধি মোতাবেক লিপিবদ্ধ করতে হবে। স্টক রেজিস্টারে উপজেলা নির্বাহী অফিসার প্রতীস্বাক্ষর প্রদান করবেন।



মুজিববর্ষে সুনির্দিষ্ট ডিজাইন অনুসরণপূর্বক একক গৃহ নির্মাণের লক্ষ্যে ভূমি নির্বাচনের পর উক্ত জায়গাটি সঠিকভাবে প্রস্তুত করা অত্যন্ত জরুরি। জায়গাটি প্রস্তুতের সময় পারিপার্শ্বিক অবস্থা অথবা আশেপাশের ঘর বাড়ির উচ্চতা ইত্যাদি বিষয়ের প্রতি লক্ষ্য না করলে অনেক ক্ষেত্রে সমস্যার সৃষ্টি হয়। এ বিষয়ে আশ্রয়ণ-২ প্রকল্প হতে “মুজিব শতবর্ষ উপলক্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ প্রদান নীতিমালা-২০২০” ও একটি অনুমোদিত নকশা রয়েছে। তদুপরি গৃহ নির্মাণের জায়গাটি প্রস্তুতের সময় নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনায় রাখা প্রয়োজন।

### জায়গা (Site) প্রস্তুতকরণ:

১. ঘর নির্মাণের জন্য প্রস্তুতকৃত স্থানটি অবশ্যই উঁচু হতে হবে।
২. সর্বোচ্চ বন্যা লেভেল এর উপরে আছে কিনা তা যাচাইপূর্বক গৃহ নির্মাণের স্থানটি প্রস্তুত করতে হবে।
৩. প্রয়োজনে আশেপাশে নির্মিত বাড়ি ঘরের লেভেল দেখে গৃহ নির্মাণ স্থানটির উচ্চতা কত হবে তার ধারণা নিতে হবে।
৪. জলাশয়ের পার্শ্বে, নদী তীর বা খালের পাড় ঘেঁষে বা নীচু স্থান পরিহার করে গৃহ নির্মাণের জন্য স্থান প্রস্তুত করতে হবে।
৫. গুচ্ছাকারে নির্মিত ঘরের ক্ষেত্রে প্রতি ঘরের জন্য ২ শতক ভূমি নিশ্চিত করে স্থানটি প্রস্তুত করতে হবে এবং উক্ত স্থানে ঘরের সংখ্যা নির্ধারণপূর্বক একটি মাস্টার প্ল্যান তৈরি করতে হবে।
৬. গৃহ নির্মাণের জন্য নির্ধারিত স্থানটি সমতল (Level) করার জন্য বালু/মাটি ভরাট প্রয়োজন হলে (প্রয়োজ্য ক্ষেত্রে) স্বল্প পরিমাণ বালু/মাটি দ্বারা ভরাটের ব্যবস্থা করতে হবে। এতে মাটির/বালুর কম্প্যাকশন প্রকৌশলগতভাবে নিশ্চিত করতে হবে।
৭. গৃহ নির্মাণের লক্ষ্যে নির্ধারিত স্থানটি এমনভাবে সমতল করতে হবে যাতে বৃষ্টির পর কোথাও পানি জমে জলাবদ্ধতা সৃষ্টি না হয়।
৮. গৃহ নির্মাণের জন্য নির্ধারিত (প্রস্তুতকৃত) স্থান হতে পানি নিষ্কাশন ব্যবস্থা থাকতে হবে।
৯. গৃহ নির্মাণের জন্য প্রস্তুতকৃত স্থানটি সঠিক মর্মে পিআইসি (PIC) এর সকল সদস্যগণকে একমত হতে হবে এবং এ সংক্রান্ত কার্যবিবরণী প্রস্তুত করতে হবে।



পূর্ত কাজ সঠিকভাবে সম্পন্ন করতে প্রয়োজন সঠিক ওজন ও মানসম্পন্ন নির্মাণ সামগ্রীর সংস্থান। অন্যদিকে নির্মাণ সামগ্রী সঠিকভাবে সংরক্ষণ না করা হলে তা নষ্ট হওয়ার সম্ভাবনা থাকে। তাছাড়া নির্মাণ সামগ্রী মাপ/পরিমাপ অনুযায়ী সঠিক আছে কিনা তা জানার জন্য নির্মাণ সামগ্রীর আদর্শিক পরিমাপ সম্পর্কে অবশ্যই ধারণা থাকতে হবে। তাই পূর্ত কাজের মালামাল/সামগ্রীর আদর্শিক পরিমাপ ও পূর্ত কাজের ধারাবাহিক বিবরণ (ছবিসহ) উপস্থাপন করা হলো। বিষয়সমূহ অনুসরণে গৃহ নির্মাণ কার্যক্রম সম্পন্ন করলে ভুলত্রুটি হওয়ার সম্ভাবনা কম থাকবে।

### (১) গৃহ নির্মাণ সামগ্রীর আদর্শিক পরিমাপ

(ক) আদর্শ ইটের সাইজ (PWD) এর বিধান মতে:

মসল্লা বিহীন: ৯.৫ ইঞ্চি X ৪.৫ ইঞ্চি X ২.৭৫ ইঞ্চি

(২৪২ মিমি X ১১৪ মিমি X ৭০ মিমি)

মসল্লাসহ: ১০.০০ ইঞ্চি X ৫.০ ইঞ্চি X ৩.০০ ইঞ্চি

(২৫৪ মিমি X ১২৭ মিমি X ৭৬ মিমি)

(খ) রডের মাপ:

(i) গ্রেডবীম এ মেইন রড ১২ মিমি, রিং ৮ মিমি রড

(ii) বারান্দার কলামের বেইজ-এ (Both way) ১০ মিমি রড, বারান্দার কলামে ১০ মিমি মেইন রড, রিং ৮ মিমি রড

(iii) লিন্টেল এ ১০ মিমি মেইন রড, রিং ৮ মিমি রড

### (২) নির্মাণ সামগ্রী ক্রয় ও সংরক্ষণ

(i) নির্মাণ সামগ্রী আইটেমওয়ারী যথাসম্ভব একসঙ্গে ক্রয় করতে হবে। এতে পাইকারি মূল্যে ক্রয় করা যাবে এবং পরিবহন ব্যয় সাশ্রয় হবে। এতে পিআইসি কমিটি কার্যকর ভূমিকা পালন করবে।

(ii) নির্মাণ সামগ্রীর গুণগতমান সঠিকভাবে যাচাই করে ক্রয় করতে হবে।

(iii) ইটের গাঁথুনির কাজে ১ম শ্রেণির (১ নম্বর) ইট ব্যবহার নিশ্চিত করতে হবে।

(iv) নির্মাণ সামগ্রী (ইট ও বালু) অবশ্যই লবণমুক্ত হতে হবে। ক্রয় করার সময় এ বিষয়টি যথাযথভাবে যাচাই করে নিতে হবে।

(v) নিরাপদ ও সুবিধাজনক নির্দিষ্ট স্থানে ক্রয়কৃত নির্মাণ সামগ্রী সংরক্ষণ করতে হবে।

(vi) মালামাল ক্রয়ের ভাউচার এবং সকল হিসাব রেজিস্টার খাতায় লিপিবদ্ধ রাখতে হবে।

- (vii) সিমেন্টের ব্যাগ মাটিতে স্ক্রপ করে রাখা যাবে না। মাটি থেকে কমপক্ষে ১ ফুট উঁচুতে তাক/মঁাচা করে রাখতে হবে।
- (viii) রড যথাসম্ভব শুষ্কস্থানে রাখতে হবে এবং কোনভাবে বৃষ্টিতে বা অন্য কোনভাবে যাতে ভিজে না যায় সেইভাবে সংস্থানের ব্যবস্থা করতে হবে।

**(৩) মাটি ভরাট পদ্ধতি (প্রযোজ্য ক্ষেত্রে):**

**ক) বালু ভরাটের ক্ষেত্রে**

- (i) চতুরপার্শ্বে কমপক্ষে ৮ (আট) ফুট চওড়া (উপরের অংশ) করে মাটির রিং বাঁধ করতে হবে।
- (ii) বালু ভরাটের উপর কমপক্ষে ১ (এক) ফুট মাটি দ্বারা ফিলিং করতে হবে।

**খ) মাটি ভরাটের ক্ষেত্রে**


- (i) ৬ ইঞ্চি লেয়ারে রোলার/দুর্মুজ দিয়ে কমপেকশন করতে হবে।
- (ii) মাটির যথাযথ কমপেকশন ল্যাব পরীক্ষার মাধ্যমে নিশ্চিত হয়ে গৃহ নির্মাণ কাজ শুরু করতে হবে।

**(৪) গৃহ নির্মাণ কাজের ধাপসমূহ:**

গৃহ নির্মাণ কাজের শুরুতে নির্মিতব্য গৃহের স্থানটির মাটির কম্প্যাকশন প্রকৌশলগতভাবে নিশ্চিত হয়ে নির্মাণ কাজ শুরু করতে হবে। ঘরের স্থানটি নির্মাণ উপযোগী কি-না সে বিষয়ে পিআইসি কমিটির সকল সদস্যকে একমত হতে হবে। তারপর গৃহ নির্মাণের পূর্ত কাজের (Civil Work) ধাপসমূহ অনুসরণপূর্বক কার্যক্রম শুরু করতে হবে।


**ক) মাটি কাটা/খনন করা (ট্রেঞ্চ কাটিং):**

- (i) মূলঘরে ১ ফুট ৩ ইঞ্চি চওড়া এবং ১ ফুট ৬ ইঞ্চি গভীরতা বা প্রয়োজন অনুযায়ী মাটি কেটে নিতে হবে।
- (ii) রান্নাঘর ও টয়লেট অংশে ১ ফুট ৩ ইঞ্চি চওড়া এবং ১ ফুট ৬ ইঞ্চি গভীরতা বা প্রয়োজন অনুযায়ী মাটি কেটে নিতে হবে।
- (iii) বারান্দায় ১০ ইঞ্চি চওড়া এবং ১ ফুট ৬ ইঞ্চি গভীরতা এবং সেই সাথে বারান্দার তিনটি ফুটিং এর ক্ষেত্রে ড্রইং অনুযায়ী মাটি কেটে নিতে হবে।



খ) ফাউন্ডেশনে সিসি (সিমেন্ট কংক্রিট) কাজ:


- (i) মূল ঘর, রান্নাঘর ও টয়লেট ১ ফুট ৩ ইঞ্চি চওড়া এবং ৩ ইঞ্চি পুরুত্ব।
- (ii) বারান্দায় ১০ ইঞ্চি চওড়া এবং ৩ ইঞ্চি পুরুত্ব।
- (iii) ফাউন্ডেশন কাজে ব্যবহৃত মশলায় সিমেন্ট, বালু ও খোয়ার অনুপাত হবে ১:৩:৬।



গ) ফাউন্ডেশনে ইটের গাঁথুনি (মাটির নীচে):

(১৫ ইঞ্চি চওড়া ইটের গাঁথুনি)

- (i) ইট ব্যবহারের পূর্বে ২৪ ঘন্টা পানিতে ভিজিয়ে রাখতে হবে এবং ব্যবহারের ২ ঘন্টা পূর্বে পানি থেকে তুলতে হবে।
- (ii) মূল ঘর, রান্নাঘর ও টয়লেটের অংশে প্রথম ধাপে ইটের গাঁথুনি ১৫ ইঞ্চি চওড়া ৩ ইঞ্চি উচ্চতায় করতে হবে।




(১০ ইঞ্চি চওড়া ইটের গাঁথুনি)

- (iv) মূল ঘর, রান্নাঘর ও টয়লেটের ১৫ ইঞ্চি গাঁথুনির উপর সেন্টার লাইন বরাবর ২য় ধাপে ১০ ইঞ্চি চওড়া ১ ফুট উচ্চতায় ইটের গাঁথুনি করতে হবে।
- (v) বারান্দায় ১০ ইঞ্চি চওড়া, ১ ফুট ৩ ইঞ্চি উচ্চতা ইটের গাঁথুনি হবে।
- (vi) ফাউন্ডেশনের গাঁথুনির কাজে ব্যবহৃত মশলায় সিমেন্ট ও বালুর অনুপাত হবে ১:৬।



ঘ) ফাউন্ডেশনের ইটের গাঁথুনি জিএল থেকে পিএল (মাটির উপর হতে ভিটি পর্যন্ত):


- (i) ইট ব্যবহারের পূর্বে ২৪ ঘন্টা পানিতে ভিজিয়ে রাখতে হবে এবং ব্যবহারের ২ ঘন্টা পূর্বে পানি থেকে তুলতে হবে।
- (ii) মূল ঘরের ইটের গাঁথুনি ১০ ইঞ্চি চওড়া ১ ফুট উচ্চতা।
- (iii) রান্নাঘর ও টয়লেট অংশে মেইনওয়ালের ইটের গাঁথুনি ১০ ইঞ্চি চওড়া ১ ফুট উচ্চতা।
- (iv) বারান্দার ওয়ালের ইটের গাঁথুনি ৫ ইঞ্চি চওড়া এবং ১ ফুট ৬ ইঞ্চি উচ্চতা।
- (v) বর্ণিত ইটের গাঁথুনির কাজে ব্যবহৃত মশলায় সিমেন্ট ও বালুর অনুপাত হবে ১:৬।
- (vi) ইটের গাঁথুনি করার পর প্রয়োজনীয় কিউরিং করতে হবে।
- (vii) সর্বোপরি ইটের গাঁথুনি মূলঘর এবং রান্নাঘর ও টয়লেট অংশে আরসিসি গ্রেডবীম/টাই বীমের নীচে ১০ ইঞ্চি চওড়া ইটের গাঁথুনির উচ্চতা ২ ফুট এবং এর নীচে ১৫ ইঞ্চি চওড়া ইটের গাঁথুনির উচ্চতা ৩ ইঞ্চি করতে হবে।
- (viii) বারান্দার অংশে GL এর নীচে ১০ ইঞ্চি চওড়া ইটের গাঁথুনির উচ্চতা ১ ফুট ৩ ইঞ্চি এবং ৫ ইঞ্চি চওড়া ইটের গাঁথুনির উচ্চতা ১ ফুট ৬ ইঞ্চি হবে।



### ঙ) ফাউন্ডেশনে আরসিসি গ্রেড বীম/টাই বীম (রডসহ কংক্রিটের কাজ)


(জিএল থেকে ৯ ইঞ্চি উচ্চতা):

- (i) মূল ঘরে গ্রেড বীম ১০ ইঞ্চি চওড়া এবং ৯ ইঞ্চি উচ্চতা।
- (ii) রান্নাঘর ও টয়লেট অংশে গ্রেড বীম ১০ ইঞ্চি চওড়া এবং ৯ ইঞ্চি উচ্চতা।
- (iii) বারান্দায় কোন আরসিসি গ্রেড বীম/টাই বীম থাকবে না।
- (iv) আরসিসি গ্রেড বীম বা টাই বীমের সিমেন্ট, বালু ও ইটের খোয়ার অনুপাত হবে ১:২:৪।




### চ) বালু ভরাট কাজ:

- (i) মূল ঘরে ১ ফুট ৬ ইঞ্চি পুরুত্ব বালু ভরাট।
- (ii) বারান্দায় ১ ফুট ৩ ইঞ্চি পুরুত্ব বালু ভরাট।
- (iii) রান্নাঘর ও টয়লেট অংশে ১ ফুট ৩ ইঞ্চি পুরুত্ব বালু ভরাট।
- (iv) বালু ভরাট করার পরে প্রকৌশগতভাবে কম্প্যাকশন নিশ্চিত করে সলিং করতে হবে।




## ছ) ইটের সলিং:

- (i) মূল ঘরে সিঙ্গেল লেয়ার ব্রিক ফ্ল্যাট সলিং এর টপ হবে গ্রেড বীম/টাই বীমের টপের সমান্তরালে।
- (ii) রান্নাঘর ও টয়লেট অংশে সিঙ্গেল লেয়ার ফ্ল্যাট সলিং এর টপ হবে গ্রেড বীম/টাই বীমের টপ লেভেল থেকে ৩ ইঞ্চি নীচে।
- (iii) বারান্দায় সিঙ্গেল লেয়ার ফ্ল্যাট সলিং এর লেভেল রান্নাঘর ও বারান্দার সলিং এর লেভেলে হবে।





## জ) ফ্লোরের সিসি (সিমেন্ট কংক্রিট ১:৩:৬) কাজ

- (i) মূল ঘরের সলিং এর উপরে ৩ ইঞ্চি পুরুত্বে সিসি কাজ ১:৩:৬ অনুপাতে করতে হবে এবং তা গ্রেড বীম/টাই বীমের টপের উপরে ওভারলেপিং হবে।
- (ii) রান্নাঘর ও টয়লেট অংশে সলিং এর উপরে ৩ ইঞ্চি পুরুত্বে সিসি কাজ ১:৩:৬ অনুপাতে করতে হবে যা মূল ঘর থেকে ৩ ইঞ্চি নীচে থাকবে।
- (iii) বারান্দায় ৩ ইঞ্চি পুরুত্ব সিসি কাজ ১:৩:৬ অনুপাতে। সলিং এর উপরে ৩ ইঞ্চি পুরুত্বে সিসি কাজ ১:৩:৬ অনুপাতে করতে হবে যা মেইন ঘর থেকে ৩ ইঞ্চি নীচে থাকবে।




ব) সুপার স্ট্রাকচার ওয়ালের ইটের গাঁথুনি কাজ:

- (i) মূল ঘরের ৫ ইঞ্চি চওড়া ইটের গাঁথুনি আরসিসি গ্রেড বীম হতে ৮ ফুট ৯ ইঞ্চি উচ্চতা এবং মূল ঘরের ফ্লোর (ফিনিশ লেভেল) হতে ৮ ফুট ৬ ইঞ্চি উচ্চতা তবে নির্ধারিত স্থানে ৬ ইঞ্চি লিন্টেল থাকবে।
- (ii) রান্নাঘর ও টয়লেট অংশে ৫ ইঞ্চি চওড়া ইটের গাঁথুনি আরসিসি গ্রেড বীম হতে ৬ ফুট ৬ ইঞ্চি উচ্চতা এবং ফ্লোর (ফিনিশ লেভেল) হতেও ৬ ফুট ৬ ইঞ্চি উচ্চতা।
- (iii) বারান্দায় মূল ঘরের ফ্লোর (ফিনিশ লেভেল) হতে সামনের বারান্দার ফ্লোর ৩ ইঞ্চি নীচু হবে এবং বারান্দার ফ্লোর (ফিনিশ লেভেল) থেকে ৬ ফুট উচ্চতা আরসিসি পিলার হবে।
- (iv) ৫ ইঞ্চি গাঁথুনি কাজে ব্যবহৃত মশলায় সিমেন্ট ও বালুর অনুপাত হবে ১:৪।



### এঃ আরসিসি (রডসহ কংক্রিটের) লিন্টেল:



- (i) মূল ঘরে, রান্নাঘর ও টয়লেটে সমস্ত দেয়ালে ৫ ইঞ্চি চওড়া, ৬ ইঞ্চি পুরুত্বের ঢালা আরসিসি লিন্টেল করতে হবে।
- (ii) বাহিরের দরজা জানালার লিন্টেল থেকে ওপেনিং এর দুই দিকে ৬ ইঞ্চি চওড়া এবং ৩ ইঞ্চি পুরুত্বের সানশেড অবশ্যই করতে হবে।
- (iii) লিন্টেল ঢালাইয়ের সময় চালা (C.I.Roof) এর ফ্রেম আটকানোর জন্য প্রয়োজনীয় সংখ্যক রড দিতে হবে।



### ট) আরসিসি কলাম (রডসহ কংক্রিটের পিলার):

GL এর ১ ফুট ৬ ইঞ্চি নীচে ১ ফুট ৬ ইঞ্চি X ১ ফুট ৬ ইঞ্চি X ৬ ইঞ্চি বেইজ (ফুটিং) করতে হবে। তারপর বেইজ এর টপ হতে ৮ ফুট ৯ ইঞ্চি উচ্চতার ৮ ইঞ্চি X ৮ ইঞ্চি আরসিসি পিলার নির্মাণ করতে হবে। বারান্দার ফ্লোর ফিনিশ লেভেল থেকে ৬ ফুট উচ্চতার ৩টি আরসিসি কলাম (রডসহ কংক্রিটের পিলার) করতে হবে।

- (i) বারান্দার ৩টি কলামের প্রতিটি বেইজে ১০ মিমি ব্যাসের (উভয়দিকে) ৩টি করে মোট ৬টি রড দিতে হবে।
- (ii) আরসিসি কলামে ১০ মিমি ব্যাসের ৪টি মেইন রড দিতে হবে।
- (iii) কলামের খাড়া ৪টি রডকে ৮ মিমি ব্যাসের স্টিরাপ/রিং দিয়ে ৬ ইঞ্চি সেন্টার টু সেন্টার বাধতে হবে।
- (iv) কাঠের ফর্ম ওয়ার্ক/সাঁটার বক্স তৈরি করে ১:২:৪ অনুপাতে কংক্রিটের ঢালাই দিতে হবে।
- (v) যে কোন ঢালাই (আরসিসি/সিসি) এর নীচে দুই ভাজে (2 ply) মোটা পলিথিন ব্যবহার করতে হবে।



ঠ) দরজা ও জানালা: ডিজাইন ও স্পেসিফিকেশন মোতাবেক করতে হবে।

ড) সিমেন্ট প্লাস্টার:

- (i) ১২ মিমি পুরুত্বে বালু ও সিমেন্টের অনুপাত ১:৪ যথাযথভাবে প্লাস্টার কাজ বাস্তবায়ন করতে হবে।
- (ii) প্লাস্টারের বালু অবশ্যই চালুনি দিয়ে চেলে এবং সুপেয় পানি দিয়ে সিমেন্ট বালু মিশ্রিত করতে হবে।
- (iii) প্লাস্টারের বালুর এফএম ১.২০ হতে হবে।

চ) রঙের কাজ:

- (i) ঘরের দেয়াল (ভিতরে এবং বাহিরে) রং করতে হবে। তবে প্লাস্টার শুকানোর পর রং করার উপযোগিতা নিশ্চিত হয়ে রং করতে হবে।
- (ii) স্টিলের দরজায় এনামেল পেইন্ট করতে হবে। তার পূর্বে অবশ্যই মরিচারোধক পেইন্ট করতে হবে।

(iii) জানালায় এনামেল পেইন্ট করতে হবে। তার পূর্বে অবশ্যই মরিচারোধক পেইন্ট করতে হবে।


গ) নেট সিমেন্ট ফিনিশিং কাজ:

মূল ঘরে, বারান্দায়, রান্নাঘর ও টয়লেটে সমস্ত ফ্লোরে ঘরের বাহিরের ভিটির খাড়া সারফেসে নেট সিমেন্ট ফিনিশিং কাজ করতে হবে।

ত) ভিটি হতে চালা পর্যন্ত কাজ:

মূল ঘরের ফ্লোর (ফিনিসড লেভেল) থেকে দেয়ালের উচ্চতা ৮ ফুট ৬ ইঞ্চি এবং রিজড/টুয়া এর টপ (ক্রাউন পয়েন্ট) পর্যন্ত উচ্চতা ১১.৫ ফুট হবে।

থ) ল্যাট্রিনের কাজ: ৫টি করে ১০টি রিং স্ল্যাব দিয়ে ডিজাইন ও স্পেসিফিকেশন মোতাবেক কার্য সম্পাদন করতে হবে।



দ) অন্যান্য অত্যাৱশ্যকীয় বিষয়াদি:

- কিউরিং: সংযুক্ত পরিশিষ্ট অনুসরণ করতে হবে।
- গাঁথুনি, সিসি, আরসিসি, প্লাস্টার কাজের পূর্বে বালু অবশ্যই চালুনি দিয়ে চেলে সুপেয় পানি দিয়ে ধুয়ে নিতে হবে।
- ইট ব্যবহারের পূর্বে ২৪ ঘণ্টা পানিতে ভিজিয়ে রাখতে হবে এবং ২ ঘণ্টা পূর্বে তুলে নিতে হবে।

ঘরের চালায় সিজনকৃত প্রমাণ সাইজের মজবুত ও টেকসই পরিপক্ক (সারি) কাঠ ব্যবহার করতে হবে এবং টিন সেটিং করার পূর্বেই কাঠের সব সারফেসে আলকাতরার প্রলেপ দিতে হবে এবং স্পেসিফিকেশন মোতাবেক টিন সরবরাহ করে ফিটিং করতে হবে।

- (i) ০.৩৬ মি.মি অথবা তদূর্ধ্ব পুরুত্বের রপ্পিন (মেরুন/নীল/সবুজ) চেউটিন দিতে হবে। কাঠ ও টিনের সংযোজনকৃত Screw ওয়াসারসহ সঠিকভাবে লাগাতে হবে যাতে টেকসই হয় এবং বৃষ্টির পানি ঘরের ভিতরে না পড়ে।
- (ii) ওয়ালের সাথে ঘরের চালার সংযোগ (রড, ক্ল্যাম্প দিয়ে) সঠিকভাবে করতে হবে। ওয়ালের সাথে কমপক্ষে ১৭টি ক্ল্যাম্প/রড দিয়ে চালা আটকাতে হবে।
- (iii) বারান্দা অবশ্যই রড এবং ক্ল্যাম্প দিয়ে কাঠের সাথে আটকাতে হবে। কোনভাবেই টিন পেরেক দিয়ে লাগানো যাবে না।
- (iv) প্রতি ঘরে ৪টি টাইবীম (ধর্ণা/তীর) থাকতে হবে এবং টাইবীমগুলো ওয়াল প্লটের সাথে যথাযথভাবে ফিটিং করতে হবে।
- (v) চালার টিন এমনভাবে স্থাপন করতে হবে যাতে টিনের চেউয়ে পর্যাপ্ত লেপিং থাকে যাতে করে কোন অবস্থাতেই বৃষ্টির পানি ঘরের ভিতরে না ঢুকে।







সম্মুখ ভাগ



পার্শ্ব ভাগ



সম্মুখ ভাগ



পার্শ্ব ভাগ



সম্মুখ ভাগ



পার্শ্ব ভাগ

কোন কোন ক্ষেত্রে দেখা যায় যে, পানি নিষ্কাশনের ব্যবস্থা না করেই গৃহ নির্মাণ করা হয় যা নির্মিত গৃহের ক্ষতির কারণ হয়ে দাঁড়ায়। তাই বৃষ্টি ও গৃহস্থালীর কাজে ব্যবহৃত পানি নিষ্কাশনের বিষয়টি নিশ্চিত করে গৃহ নির্মাণ করতে হবে।

- (i) বৃষ্টির পানি যথাযথভাবে নিষ্কাশনের ব্যবস্থা রাখতে হবে।
- (ii) ঘরের সামনের ভিটি সমতল করতে হবে যাতে পানি জমে না থাকে।
- (iii) চালের পানি ঘরের চারপাশে পড়ে যাতে গর্ত সৃষ্টি না হয় সেদিকে খেয়াল রাখতে হবে।







- (i) উপকারভোগীদের ২ শতাংশ জমি চিহ্নিত করে আলাদাভাবে বুঝিয়ে দিতে হবে। অন্যথায় অংশীদারিত্ব নিয়ে উপকারভোগীদের মধ্যে বিবাদ সৃষ্টি হতে পারে।
- (ii) দুটি পাশাপাশি নির্মিত ঘরের সামনে-পিছনে ও ডানে-বামে কমপক্ষে ১০ ফুট জায়গা ফাঁকা রাখতে হবে। একই সাথে উপকারভোগীগণের যাতায়াতের রাস্তা/পথ রাখতে হবে।
- (iii) উপকারভোগীগণের মালিকানা (Ownership) জন্মানোর বিষয়ে তাদেরকে অবহিত করতে হবে। উপকারভোগীগণ অবশ্যই তাদের ঘর রক্ষণাবেক্ষণ করবেন।
- (iv) সরকারি/বেসরকারি/বিভিন্ন দপ্তর/সংস্থার কর্মসূচির আওতায় প্রশিক্ষণের মাধ্যমে আয়বর্ধক কাজে সম্পৃক্ত হওয়ার বিষয়ে উৎসাহিত করতে হবে।
- (v) উপকারভোগী পরিবারগুলো যেন স্বাবলম্বী হতে পারে সে লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে এবং বিষয়টি মনিটরিং করতে হবে।
- (vi) উপকারভোগী পরিবারের সদস্যদের ঘরের আশে-পাশে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে পরামর্শ প্রদান করবেন। প্রাথমিক স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, শান্তিশৃংখলা বজায় রাখার বিষয়ে ধারণা প্রদান করতে হবে।
- (vii) উপকারভোগী পরিবারের সদস্যদের সামাজিক বনায়ন তথা ফলদ, বনজ ও ঔষধি বৃক্ষরোপণ এবং পরিবেশ সচেতনতা সম্পর্কে ধারণা দিতে হবে।
- (viii) বসতবাড়ির সংলগ্ন স্থানে শাকসবজি চাষে উপকারভোগীদের উৎসাহ প্রদান করতে হবে।
- (ix) যে কোন প্রাকৃতিক দুর্যোগে তার ঘরটির কোন ছোট খাট মেরামতের প্রয়োজন হলে তা উপকারভোগীগণকেই করতে হবে। সরকারের পক্ষ থেকে আর কোন বরাদ্দ প্রদান করা হবে না মর্মে তাকে অবহিত করতে হবে।
- (x) গৃহের নির্ধারিত সাইনবোর্ড নির্দিষ্টস্থানে লাগাতে হবে।
- (xi) কবুলিয়ত দলিল, নামজারি, ডিসিআর তৈরিতে আশ্রয়ণ-২ প্রকল্প হতে প্রদত্ত নমুনা অনুসরণ করতে হবে।

# পরিশিষ্ট


## সেমিপাকা গৃহ নির্মাণ কাজের অনুমোদিত নকশা ও প্রাকল্পন



# সেমিপাকা গৃহ নির্মাণ কাজের অনুমোদিত নকশা




# সেমিপাকা গৃহ নির্মাণ কাজের অনুমোদিত নকশা





# সেমিপাকা গৃহ নির্মাণ কাজের অনুমোদিত নকশা

## SECTION: Verandah Column Long & Cross Section E-E, Ver Foundation Section F-F, Grade Beam Long & Cross section and Special Mandatory Instructions



### বিশেষ বাধ্যতামূলক অনুরূপীয় :

- ষ্ঠমতঃ মারিঃ কপ্পাকটঃ মারিঃতে অনুমোদিত নকশা নিশ্চিত হযে কপ্পাকটঃ মারিঃতে অনুমোদিত নকশা অনুসরণ ও তগাতঃ মান নিশ্চিত করে যর নিমার্ণ করতে হবে :
- কোন অবস্থাতেই সদা ত্রাটকৃত মারিঃ/ নরম মারিঃতঃ/শরেঃ পঃশে/জঃশঃরেঃ পঃশে/নঃদীর কিলারে/নিঃ জায়গায় এ নকশায় যর করা যাবে না :
- ত্রাটিঃ কাজে আইটেম স্পেসিফিকেশন কঠোরভাবে অনুসরণ করে তগপতঃমান টিক রেখে কাজ সম্পাদনা করতে হবে :
- ত্রাটিঃ কাজ নিবিত্ত তেজনিতঃল তদারকিঃ মাঃগে সম্পন্ন করতে হবে :
- যরেঃ বিভিন্ন ষ্ঠলে যর, রঃমঃর ও বারাদঃ আগতঃ মারিক ষ্ঠরতে হবে :
- ত্রাটিঃ একক যরেঃ অনুকূলে ২ শতঃশে জরি নিশ্চিত করতে হবে :
- গৃহ নিমার্ণের পরঃর পঃলাসাইডিং/ গাঃতঃগঃলাঃ লঃগে এনঃ স্থানে গৃহ নিমার্ণ করা যাবে না ।

## Detail Estimate of Semi pucca house (2 Room) with Kitchen & Toilet

(Based on PWD rate schedule-2022& Market price)

SL	Item Code No.	Description of Work	Unit	Location / Component	Length	Width	Height / Depth	Area / Volume	No of	Unit Rate	Amount
1	2.1.2	Earthwork in excavation of foundation trenches, including layout, by excavating earth to the lines, grades and elevation as shown in the drawing providing center lines, local bench mark pillars, fixing bamboo spikes and marking layout with chalk powder filling baskets, carrying and disposing of all excavated materials at a safe distance designated by the E-I-C in all types of soils except rocky, gravelly, slushy or organic soil, leveling, ramming, dressing and preparing the base, etc. all complete for an initial excavation depth of 2m and an initial lead not exceeding 20m, including arranging all necessary tools and equipment at work site, etc. complete as per direction of the Engineer-in-charge.	cum	Main wall Verandah wall Toilet & Kitchen	17.27 8.38 7.84	0.375 0.250 0.375	0.45 0.45 0.45	2.91 0.94 1.32	1 1 1		870.72
2	02.10.1	Sand filling in foundation trenches and plinth with sand having F.M. 0.5 to 0.8 in 150mm layers including leveling, watering and compaction to achieve minimum dry density of 95% with optimum moisture content (Modified proctor test) by ramming each layer up to finished level as per design supplied by the design office only etc. all complete and accepted by the Engineer-in-charge.	cum	Room 1 Room 2 Partition part Varanda Kitchen & toilet Deduction	2.61 2.56 0.25 5.45 3.61	2.69 2.69 2.69 1.17 1.92	0.45 0.45 0.225 0.375 0.375	3.16 3.10 0.15 2.39 2.60	1 1 1 1 1		3221.51
3	3.1.1	One layer of brick flat soling in foundation or in floor with first class or picked Thama bricks including preparation of bed and filling the interstices with local sand, leveling etc. complete and accepted by the Engineer-in-charge.	sqm	Room 1 Room 2 Varanda Kitchen & toilet	2.61 2.56 5.45 3.61	2.69 2.69 1.17 1.92		7.02 6.89 6.38 6.93	1 1 1 1	405.39	14015.73

SL	Item Code No.	Description of Work	Unit	Location / Component	Length	Width	Height / Depth	Area / Volume	No of	Unit Rate	Amount
4	03.4.1	Lean / blinding concrete (1:3:6) in foundation or floor with cement, sand (F.M. 1:2) and picked jhama chips including breaking chips, screening, mixing, laying, compacting to levels and curing for at least 7 days including the supply of water, electricity and other charges and costs of tools and plants etc. including NCF in floor, all complete and accepted by the Engineer -in- charge. (Cement: CEM-II/A-M)	cum	Room 1	2.74	2.94	0.075	0.60	1		
				Room 2	2.81	2.94	0.075	0.62	1		
				Veranda	5.94	1.52	0.075	0.68	1		
				Kitchen & toilet	3.6	1.92	0.075	0.52	1		
				Foundation	25.28	0.375	0.075	0.71	1		
				Veranda foundation	8.38	0.25	0.075	0.16	1		
				Deduction post base	0.45	0.45	0.075	0.02	-3		
										7652.00	24807.00
5	4.1	250mm brick work with 1st class bricks in cement mortar (1:6) in foundation and plinth with Portland Composite cement (CEM II/AM, 42.5N) and best quality sand (minimum FM1:2), filling the interstices tightly with mortar, raking out joints, cleaning and soaking bricks at least for 24 hours before use, washing of sand, curing for requisite period, etc. all complete as per direction of the E-I-C.	cum	Main foundation	17.27	0.25	0.6	2.59	1		
				Verandha foundation	17.27	0.375	0.075	0.49	1		
				Kitchen & toilet	8.47	0.25	0.3	0.64	1		
					7.97	0.25	0.6	1.20	1		
					7.84	0.375	0.075	0.22	1		
				Step (3x1'-8")	0.9	0.5	0.25	0.11	2		
				Brick Post(Main wall)	2.59	0.25	0.25	0.16	6		
				Brick Post(Kitchen)	1.83	0.25	0.25	0.11	2		
				Deduction post base	0.45	0.45	0.075	0.02	-3		
				Deduction post	0.2	0.25	0.838	0.04	-3		
										7501.00	47865.43
6	4.16	125mm brick work with Klin 1st class bricks/automatic machine made 1st class bricks in cement mortar (1:4) with machine made 1st class bricks in cement mortar (1:4) with machine made 1st class bricks in cement	sqm	Main wall	2.69	2.66		7.16	3		
					2.61	2.66		6.94	2		
					2.56	2.66		6.81	2		
				Kitchen & toilet	1.93	1.82		3.51	2		

SL	Item Code No.	Description of Work	Unit	Location / Component	Length	Width	Height / Depth	Area / Volume	No of	Unit Rate	Amount
		mortar (1:4) with Portland Composite cement (CEM III/AM, 42.5N) and best quality sand (minimum FM1.2) and making bond with connected walls with uniform width and depth joints, true to vertical and horizontal lines in/c necessary scaffolding, raking out joints, cleaning and soaking the bricks at least for 24 hours before use, washing of sand, curing for requisite period, etc. all complete as per direction of the E+C.		Kitchen & toilet Veranda Toilet partition Door opening Door opening Window opening Lintel part Mark A	3.6 8.47 2.38 0.91 0.76 0.76 20.71	1.67 0.46 1.83 1.82 1.82 1.06 0.15		6.01 3.90 4.36 1.66 1.38 0.81 3.11	1 1 1 -3 -2 -5 -1		
7	07.1.3	RCC:1:2:4, 17MPa, Brick Chips (BC); Reinforced cement concrete works with minimum cement content relates to mix ratio (tentative 1:2:4) and maximum water cement ratio 0.45 having minimum required average strength, $f_{cr} = 24$ Mpa and satisfied a specified compressive strength $f_c = 17$ Mpa at 28 days on standard cylinders as per $f_c = 17$ Mpa at 28 days on standard cylinders as per standard practice of Code AAASHTO/ ASTM and Portland Composite Cement conforming to BDS EN 197-1 : 2003 CEM-II 42.5N sand of minimum FM 1.8 and 20mm down well graded picked brick chips (LAA value and maximum water absorption not exceeding 38 and 15% respectively) conforming to ASTM C 33 or Aggregate Grading Appendix-3 LGED Schedule of Rates or any other International recognized envelop in/c breaking chips and screening through proper sieves, centering, shuttering in position, making shuttering fully leak proof & shuttering with plain 16 BWG steel sheet fitted over 38mm thick wooden plank panels and Standard size Bamboo Props suitably braced, placing of reinforcement in position, mixing the aggregates with standard mixer machine with hopper, fed by standard	cum	Continuous Lintel at Main wall Lintel at Kitchen Lintel at Partition Sunshed Grade beam RCC Post foundation RCC Post at Verandha	17.74 8.2 2.95 1.07 27.93 0.45 2.67	0.125 0.125 0.125 0.076 0.25 0.45 0.203	0.15 0.15 0.15 0.15 0.225 0.15 0.203	0.33 0.15 0.06 0.08 1.57 0.03 0.11	1 1 1 5 1 3 3	1180.00 8784.00	65360.08 25595.41

SL	Item Code No.	Description of Work	Unit	Location / Component	Length	Width	Height / Depth	Area / Volume	No of	Unit Rate	Amount
8	07.18.4	measuring boxes, maintaining allowable slump of 50mm (without plasticizer) & 75mm to 100mm (when plasticizer use), pouring, casting, compacting by mechanical vibrator machine and curing at least for 28 days, removing centering-shuttering after approved specified time period, i/c cost of additional testing charges of materials and cylinders required. Excluding the cost of reinforcement and its fabrication, welding, coupling, placing, binding etc. Additional quantity of cement and Plasticizer i.e. Water reducing chemical admixture of complying type A under ASTM C 494 to reduce mixing water required for normal workability and to maintain low by the mix design from approved laboratory instruction by the Engineer) Additional quantity of cement to be added if required to attain the strength at the contractor's own cost) etc. all complete as per direction and approval of the Engineer in charge. Note : Using Concrete Mixer. In Tie Beam and Lintel : Below Plinth Level and in Ground Floor	Sqm	GB	27.93	0.25			2		
				Post	0.91	2.74			3		
9	3.7	Centering and shuttering, including strutting, propping etc. and removal of form for: Tie beam & lintels	Sqm	Foundation	36.1	0.38			1	502.00	10765.49
		Supplying and laying of single layer polythene sheet weighing one kilogram per 6.5 square meter in floor or any where below cement concrete complete in all respect and accepted by the EIC.	kg	Main bar at RCC Post(dia-10mm)	3.10	0.62		1.92	12		
10	08.1.1	Supplying and fabrication of Ribbed or deformed barreinforcement for all types of RCC work includingstraightening, removing ruts, cleaning, cutting, hooking, bending, lapping and/or welding wherever required as directed, placing in position, tying with 22 BSWG black annealed binding wire (PVC coated in case		Main bar at Kitchen Lintel(dia-	8.19	0.62		5.08	4		

SL	Item Code No.	Description of Work	Unit	Location / Component	Length	Width	Height / Depth	Area / Volume	No of	Unit Rate	Amount
		of FBEC rebar double fold, cost of binding wire and anchoring to the adjoining members wherever necessary, supplying and placing with proper cover blocks (1:1), supports, chairs, spacers, splices or laps etc. including cost of all materials, cost of labour, cost of equipment & machinery, loading and unloading, transportation, all other incidental charges and work at all leads and lifts etc. to complete the work as per design, drawing, specifications and direction of the E-I-C. Measurement relating to nominal mass, dimensions and tolerances of various types of steel shall conform to relevant BDS/ ASTM codes. Reinforcement shall be measured only in lengths of bar as actually placed in position on standard weight i.e. 7850 kg/m <sup>3</sup> (BNBC Table 6.2.1) basis. No separate payment shall be allowed for Chairs of any shape & profile, spacer bar of any shape & profile, lap/ splice unless otherwise shown in the drawing, wastages, binding wire, concrete cover blocks etc. as the cost of these is included in the unit rate. Note: Tests for reinforcing bars shall be conducted at LGED/ BUET/ CUET/ KUET/ RUET. Grade 300 (RB 300): Ribbed or Deformed bar produced and marked as per BDS ISO 6935-2:2006 with minimum yield strength, fu (ReH) = 300 MPa, but the tested yield strength shall not exceed fy by more than the 125 MPa and the ratio of tested ultimate strength, fu (Re) to tested elongation after fracture (A5.65) & minimum total elongation at maximum force (Agt) is 16% and 2.5% respectively. Supplying and making well matured natural seasoned solid wood works in frames of roof truss of required length and size with wall plates as per design in/c length and size with wall plates as per design in/c	10mm)	Bar at Main wall Lintel (dia-10mm)	17.76	0.62		11.01	4		
				Bar at Partition wall Lintel (dia-10mm)	2.59	0.62		1.61	4		
				Rod for post foundation (10 mm, 3nos both side)	0.36	0.62		0.22	18		
				Sunshed bar (dia-10mm)	1.07	0.62		0.66	5		
				Grade Beam main (dia 12mm)	28.10	0.89		25.01	4		
				Grade Beam stirrup (dia 8mm)	0.60	0.39		0.23	188		
				Anchor rod (dia 10mm)	0.90	0.62		0.56	8		
				Tie at RCC Post (dia-8 mm)	0.66	0.39		0.26	42		
				Stirrup at Lintel (dia-8mm)	0.38	0.39		0.15	156		
11	Analysis		cum	Wall plate	18	0.05	0.05	0.05	1	91.17	25856.79
				Tie beam	3.2	0.075	0.075	0.02	4		
				Rafter	2.006	0.05	0.05	0.01	8		
				Rafter (Verand)	1.89	0.05	0.05	0.00	8		

SL	Item Code No.	Description of Work	Unit	Location / Component	Length	Width	Height / Depth	Area / Volume	No of	Unit Rate	Amount
		supplying, fabricating, hoisting, scaffolding, fitting and fixing in position with bolts and nuts for all floors etc. all complete as per direction of the E-I-C. (All sizes of wood are finished).Mehagoni/Shishu/Local sai/Silkarai or locally available equivalent quality wood		ha)							
				Wall plate for veranda	5.94	0.075	0.075	0.03	1		
				Purline(Varand a)	6.25	0.05	0.025	0.01	3		
				Tie Triangle portion	2.49	0.05	0.05	0.01	4		
				Triangle Portion rafter	1.04	0.05	0.05	0.00	8		
				Triangle portion for rafter(av)	0.899	0.05	0.05	0.00	10		
				Tie for ridge	2.438	0.05	0.05	0.01	1		
				Purlin(long chala)	3.944	0.05	0.025	0.00	8		
				Purline(short chala)(av)	2.438	0.05	0.025	0.00	6		
				Latrine wall plate	8.48	0.05	0.05	0.02	1		
				Rafter(latrine)	2.28	0.05	0.05	0.01	4		
				Purline(latrine)	4.22	0.05	0.025	0.01	3		
12	Analysis	Supplying, fitting and fixing steel window shutter with frames & grill as per drawing & design having requisite Nos. of vertical and horizontal standard MS angle(19mm x 19mm x 3mm) and 'Z' section (19mmx19mm x 19mm x 3mm) for shutter and MS flat bar (25mm x 4.5mm) and (19mm x 3mm) and 10mmx10mm (25mm x 4.5mm) and (19mm x 3mm) and 10mm x 10mm square bar welded horizontally @ 125mm at inside face of frame of window shutter with F.I. clamp 75mmx3mm duly embedded in Cement	Each	Window					5	42965.05	19058.87
										4000.00	20000.00

SL	Item Code No.	Description of Work	Unit	Location / Component	Length	Width	Height / Depth	Area / Volume	No of	Unit Rate	Amount
13	Analysis	Concrete (1:2:4) and mending good the damages in/c finishing the intersecting points by filling with all cost of charges for fabrication and manufacture by welding, riveting, etc. supplying all essential fittings like stopper, handle, 3 nos catch hooks, 300mm long adjustable iron cleats, 50mm long pin hinges, 150mm long clamps for fitting frame in/c supplying, fitting, fixing 22 BWG M.S. sheet in position welded to steel shutter with (19mmx3mm) MS flat bar stiffener and putty and painting the window with two coats of synthetic enamel paint over a coat of anticorrosive priming, etc for all floors. all complete as per direction	Each	Door						4300.00	8600.00
		Supplying fitting and fixing steel door frame & shutter with 18 BWG MS sheet/plain plate hinged to RCC columns reinforcement with 38mmx38mmx5mm MS Angle and 25mmx6mm flat bar stiffener and putty and painting the wdoor with two coats of synthetic enamel paint over a coat of anticorrosive priming, etc. all complete as per drawing and direction of E-I-C.	Each	Door						3650.00	3650.00
14	Analysis	Supplying, fitting, fixing of uPVC hollow or solid plastic door shutter etc. all complete as per drawing and direction of E-I-C.	Each	Door						3100.00	3100.00
15	Analysis	Supplying, fitting and fixing 0.36mm thick galvanized iron corrugated locally available color ( Maroon, Blue, Green) sheet (Bangladesh made) having minimum weight 50 kg per bundle (2'-6" width 70 – 72 rft long) roofing fitted and fixed on MS sections with 'J' hook or wooden purlins with screws, limpnet washers, bitumen washers and putty etc. all complete as per direction of the E-I-C.	sqm	Long chala	4.038	2.133		8.61	2		
				Short chala	1.904	1.828		3.48	2		
				Verandha	6.4	1.828		11.70	1		
				Chala for latrine	4.52	2.44		11.03	1		
16	Analysis	0.46mm ( SWG) thick galvanized iron plain sheet ridging with 300mm lap on either side fitted and fixed	m	Ridge	2.74			2.74	5	732.67	34373.15
										319.98	4383.70



SL	Item Code No.	Description of Work	Unit	Location / Component	Length	Width	Height / Depth	Area / Volume	No of	Unit Rate	Amount
17	Analysis	with galvanized bolts and nuts etc. all complete as per direction of the E-I-C. ( Maroon, Blue, Green) A. Minimum 12mm thick cement plaster (1:4) with Portland Composite cement (CEM III/AM, 42.5N) and best quality sand (minimum FM1.2) to wall both inner and outer surface, finishing the corner and edges in/c washing of sand cleaning the surface, scaffolding and curing for the requisite period etc. all complete as per direction of the E-I-C.	sqm	Mark 'A' X 2 Post Lintel Mark 'B'	1.82 20.71	0.812 0.15			3 2		27112.04
18	Analysis	Minimum 12 mm thick cement sand (F.M. 1:2) plaster with neat cement finishing to plinth wall (1:4) with cement up to 150 mm below ground level with neat cement finishing including washing of sand, finishing the edges and corners and curing at least for 7 days, cost of water, electricity and other charges etc. all complete in all respect as per drawing and accepted by the Engineer-in-charge. (Cement: CEM-II/A-M). Ground floor.	sqm	Plinth wall Step	8.22 17.5 0.91	0.6 0.52 0.5			1 1 2		
19	07.1.3	White washing by three coats, lime mixture prepared at least 12 hours before use, slacking stone lime, supplying of gums, blue, stirring thoroughly, removing the floating materials from the mixer, surface cleaning to free from all foreign materials before application of each coat, applying one vertical and one horizontal wash for each coat and successive coat is to be applied after drying up of previous coat including hair brass, providing necessary scaffolding and cleaning plinth, floors, doors, windows, portions and ventilators by washing, rubbing, oiling if necessary after white wash for all floors including cost of water, electricity and other charges etc. complete in all respect in all floors and accepted by the Engineer-in-charge.	sqm	Mark 'B'	0.5	0.22			4	250.64	3855.38
										24.60	2987.09

SL	Item Code No.	Description of Work	Unit	Location / Component	Length	Width	Height / Depth	Area / Volume	No of	Unit Rate	Amount
20	Analysis	Chemical imulsion with kerosene (like Mair tel/Alkatra) polishing to wood frames and truss by three coats over a coat of priming including putty, cleaning, finishing and polishing with sand paper etc. all complete in all floors and accepted by the Engineer-in-charge.	LS							1100.00	1100.00
21	Analysis	Construction of twin pit latrine, Manufacturing and Supplying of 10 nos RCC ring (inner dia. of ring 750 mm, thickness 40 mm, height 300 mm) including RCC slab with porcelain pan with footrest, necessary UPvc pipe and trap and earth cutting, filling, fixing all necessary fittings etc. including Y junction, all complete as per direction of the E-I-C. (- RCC Ring for Soak Pit =10 nos - Earth work excavation and Sand Filling (1'-0") of 2 Nos of Soak Pit bottom - RCC Slab for Soak Pit=2 nos -Y-Junction with necessary PVC Pipe and trap 25mm dia. 6'-0 high Gas Ventilation pipe - Supplying, fitting and fixing Bangladesh pattern long pan with foot-rest made of Vitreous China and preparing the base of pan)	Unit							6250.00	6250.00
<b>Grand Total (including Vat, IT &amp; Contractor's profit)</b>											353471.08
<b>Deduction: Vat, IT &amp; Contractor's profit (10+9.5= 19.5%)</b>											68926.86
<b>Net Unit Cost after deducting Vat, IT &amp; Contractor's profit</b>											284544.22
<b>Say Total Amount= 2,84,500.00 Taka</b>											


পরিশিষ্ট  
কিউরিং এর চেকলিস্ট:

নির্মাণ কাজে কিউরিং এর পানি অবশ্যই পরিষ্কার এবং লবণমুক্ত হতে হবে।

কিউরিং করার সময়সূচি			
ক্র: নং	কাজের বিবরণ	কিউরিং শুরু করার সময়	যতদিন কিউরিং করতে হবে
১	Mass কংক্রিট কাজ (১:৩:৬) (ফাউন্ডেশন)	০৮ ঘন্টা পর	ন্যূনতম ৭ দিন
২	ইটের গাঁথুনি কাজ (সকল)	০৮ ঘন্টা পর	ন্যূনতম ৭ দিন
৩	আরসিসি কাজ (১:২:৪) (গ্রেডবীম/টাইবীম, লিন্টেল, সানসেড, বারান্দার কলাম)	০৮ ঘন্টা পর	ন্যূনতম ৭ দিন
৪	ফ্লোর (নীট সিমেন্ট ফিনিশিং)	০৮ ঘন্টা পর	ন্যূনতম ৭ দিন
৫	সকল সিমেন্ট প্লাস্টার কাজ	০৮ ঘন্টা পর	ন্যূনতম ৭ দিন
৬	স্কার্টিং (নীট সিমেন্ট ফিনিশিং)	০৮ ঘন্টা পর	ন্যূনতম ৭ দিন

বিঃদ্র: কিউরিং মানে: সদ্য সমাপ্ত সিমেন্ট মিশ্রিত নির্মাণ কাজে ৮ ঘন্টা সময় অতিবাহিত হওয়ার পর পানিতে ভিজিয়ে রাখাকে কিউরিং বলা হয়।

পরিশিষ্ট  
নামফলক



শেখ হাসিনার উপহার

# মুজিব শতবর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার

পরিশিষ্ট  
স্ট্যাম্প




ফ

০৫৯০৫০৯





# পরিশিষ্ট নামজারি খতিয়ান

বাংলাদেশ কৃষক নং ০৪৩২ (সংশোধিত) জেলা : ঢাকা		উপজেলা /সদর : চৌধুরী	খতিয়ান নং ৭৬১৮	পৌর : সিংদেবী	প্লট নং : ১	খতিয়ানের মালিক নং: ১.৯৪৫(IX-II)/২০২০-২১ প্লট নং : ১
মালিক, অর্থদ্বি প্রায় বা ইজারাদারের নাম ও ঠিকানা	নাম নং	জমির প্রকার কৃষি ৫ (ক) ৪ (খ)	পানের মোট পরিমাণ একর ৩ (ক) ৬ (খ)	পানের মধ্যে আরে জমিরদের মধ্যে	আংশদারী ভিত্তি পরিমাণ একর ৯ (ক) ৯ (খ)	নথ্য/পত বিবরণ বা অন্যভাবে বিবরণে মতবাদের
১	৪ ৪১৯	৪ ৪১৯	০ ১২	৭ ০.০৪৩৬	০ ০.৪৩	৯ পুঁজির মোট: ৮-১৩৫ আরে বিটি অভিযোগ: ০৯৪।
১.৯৪৩ ও ১১৬/১১৯-১১৯৪৩২ প্লটের মোট বা পরিবর্তন তার কোনকর্তন এম.সম	১.০০০			মোট	০	ককরা: না; স্থান দলদ্বিতিক তার দিন শ্রমোপ মতে।





“বাংলাদেশের একজন মানুষও  
গ্রাহহীন থাকবে না।”

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা



পরিশিষ্ট  
ডিসিআর নমুনা সীল

ডিসি আর এর বাম পার্শ্ব



ডিসি আর এর ডান পার্শ্ব





## মুজিববর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহ প্রদান



### সনদপত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, জনাব/জনাবা ..... স্বামী/স্ত্রী .....  
এনআইডি নম্বর (স্বামী ও স্ত্রী) ..... ও ..... পোশা .....  
গ্রাম ..... ইউনিয়ন/ওয়ার্ড ..... ডাকঘর .....  
উপজেলা ..... জেলা ..... কে/পরিবারকে ..... মৌজায় ..... নং  
খতিয়ানের ..... নং দাপে মুজিববর্ষে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জমিসহ দ্বিকক্ষ বিশিষ্ট একটি সেমিপাকা গৃহ উপহার প্রদান করেছেন।  
তারিখ: -----, ২০২২ খ্রি.

উপজেলা নির্বাহী অফিসার  
উপজেলা:

জেলা প্রশাসক  
জেলা:

পরিশিষ্ট  
সনদপত্র





Tel : +88 02-48112618  
Mob : +88 01711 564 666  
Fax : +88 02-55029580  
E-mail : ashrayanpmo@gmail.com  
Web : www.ashrayanpmo.gov.bd  
Facebook page : @Ashrayan2 Project